

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- দ্বিতীয় বিষয়- মেট্রিক পদ্ধতি পরিণত করা

১) সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর:-

ক) মেট্রিক পদ্ধতির বিভিন্ন এককগুলি স্থানীয়মানের ছকে লেখো।

উঃ- কিলো হেক্টো ডেকা মূল একক ডেসি সেন্টি মিলি।
(মি./গ্রা./লি.)

খ) দৈর্ঘ্য পরিমাপের মূল একক, সবচেয়ে বড় একক ও সবচেয়ে ছোট এককের নাম লেখো।

উঃ- দৈর্ঘ্য পরিমাপের মূল একক **মিটার**, সবচেয়ে বড় একক **কিলোমিটার** ও সবচেয়ে ছোট একক **মিলিমিটার**।

গ) দৈর্ঘ্য পরিমাপের মূল এককের ১০০ ভাগ ছোট একক কোনটি?

উঃ- দৈর্ঘ্য পরিমাপের মূল একক (মিটার) এর ১০০ ভাগ ছোট একক **সেন্টিমিটার**।

ঘ) তরলের আয়তন পরিমাপের সবচেয়ে ছোট এককের ১০০০ গুণ বড় একক কোনটি?

উঃ- তরলের আয়তন পরিমাপের সবচেয়ে ছোট একক (মিলিলিটার) এর ১০০০ গুণ বড় একক **লিটার**।

ঙ) কিলোগ্রাম ও গ্রাম- এর মধ্যে কোনটি বড় একক? কতো বড়?

উঃ- কিলোগ্রাম ও গ্রাম- এর মধ্যে কিলোগ্রাম বড় একক। ১০০০ গুণ বড়।

চ) ডেকামিটার ও ডেসিমিটার -এর মধ্যে কোনটি ছোট একক? কতো ছোট?

উঃ- ডেকামিটার ও ডেসিমিটার -এর মধ্যে ডেসিমিটার ছোট একক। ১০০ ভাগ ছোট।

ছ) ২৫০ গ্রাম, ২৫০ মিলিমিটার, ৫০০ লিটার, ৫০০ কিলোমিটার ও ৫০০ টাকা – এদের মধ্যে কোনগুলি সমজাতীয় রাশি? কেন?

উঃ- এদের মধ্যে ২৫০ মিলিমিটার ও ৫০০ কিলোমিটার সমজাতীয় রাশি। কারণ-এই দুটি রাশিতে দৈর্ঘ্য পরিমাপের একক যুক্ত আছে।

২) “পরিণত করা”- বলতে কী বোঝায়?

উঃ- “পরিণত করা”- মানে কোনো বিশেষ এককে প্রকাশিত রাশিকে সমজাতীয় অন্য একক দিয়ে প্রকাশ করা।

৩) বড় থেকে ছোট এবং ছোট থেকে বড় এককে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ- বড় থেকে ছোট এককে পরিণত করতে হলে গুণ করতে হয় এবং ছোট থেকে বড় এককে পরিণত করতে হলে ভাগ করতে হয়।

৪)ক) কিলোগ্রাম থেকে গ্রামে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ- কিলোগ্রাম থেকে গ্রামে পরিণত করতে হলে ১০০০ দিয়ে গুণ করতে হয়।

খ) মিটার থেকে সেন্টিমিটারে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ- মিটার থেকে সেন্টিমিটারে পরিণত করতে হলে ১০০ দিয়ে গুণ করতে হয়।

গ) লিটার থেকে মিলিলিটারে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ- লিটার থেকে মিলিলিটারে পরিণত করতে হলে ১০০০ দিয়ে গুণ করতে হয়।

ঘ) সেন্টিমিটার থেকে মিলিমিটারে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ- সেন্টিমিটার থেকে মিলিমিটারে পরিণত করতে হলে ১০ দিয়ে গুণ করতে হয়।

৫)ক) মিটার থেকে কিলোমিটারে পরিণত করতে হলে কী করতে হয় ?

উঃ- মিটার থেকে কিলোমিটারে পরিণত করতে হলে ১০০০ দিয়ে ভাগ করতে হয়।

খ) মিলিগ্রাম থেকে গ্রামে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ-মিলিগ্রাম থেকে গ্রামে পরিণত করতে হলে ১০০০ দিয়ে ভাগ করতে হয়।

গ) সেন্টিমিটার থেকে মিটারে পরিণত করতে হলে কি করতে হয়?

উঃ- সেন্টিমিটার থেকে মিটারে পরিণত করতে হলে ১০০ দিয়ে ভাগ করতে হয়।

ঘ) মিলিমিটার থেকে সেন্টিমিটারে পরিণত করতে হলে কী করতে হয়?

উঃ- মিলিমিটার থেকে সেন্টিমিটারে পরিণত করতে হলে ১০ দিয়ে ভাগ করতে হয়।

৬) পরিণত করো:-

ক) ২৭ কিলোগ্রাম = কত গ্রাম?

$$= ২৭কিলোগ্রা. \times ১০০০ = ২৭০০০গ্রাম$$

$$উঃ- ২৭কিলোগ্রাম=২৭০০০গ্রাম$$

খ) ২৬ মি. ৭ সেমি.= কত সেমি.?

$$= (২৬মি. \times ১০০) + ৭সেমি.$$

$$= ২৬০০সেমি. + ৭সেমি.$$

$$= ২৬০৭ সেমি.$$

$$উঃ- ২৬মি. ৭সেমি. = ২৬০৭সেমি.$$

গ) ৫৫লি. ৭০মিলিলি.=কত মিলিলি.?

$$= (৫৫লি. \times ১০০০) + ৭০মিলিলি.$$

$$= ৫৫০০০মিলিলি. + ৭০মিলিলি.$$

$$= ৫৫০৭০ মিলিলি.$$

$$উঃ- ৫৫লি. ৭০মিলিলি. = ৫৫০৭০মিলিলি.$$

ঘ) ৩৫কিমি. ২৬০মি.= কত মি.?

$$= (৩৫কিমি. \times ১০০০) + ২৬০মি.$$

$$= ৩৫০০০মি. + ২৬০মি.$$

$$= ৩৫২৬০মি.$$

$$উঃ- ৩৫কিমি. ২৬০মি. = ৩৫২৬০মি.$$

ঙ) ৪৫সেমি. ৩মিলিমি.=কত মিলিমি.?

$$= (৪৫সেমি. \times ১০) + ৩মিলিমি.$$

$$=850\text{মিলিমি.}+7\text{মিলিমি.}$$

$$=857\text{মিলিমি.}$$

উঃ:- 85সেমি.7মিলিমি.= 857মিলিমি.

চ) ৮০৫৭৩মি.=কত কিমি.কতমি.?

$$=৮০৫৭৩মি.\div ১০০০$$

$$= ৮০ \text{ কিমি. } ৫৭৩\text{মি.}$$

উঃ:- ৮০৫৭৩মি.= ৮০কিমি.৫৭৩মি.

ছ) ৬০০৪০মিলিলি.=কত লি.কত মিলিলি.?

$$=৬০০৪০মিলিলি.\div ১০০০$$

$$= ৬০\text{লি. } ৪০\text{মিলিলি.}$$

উঃ:- ৬০০৪০মিলিলি.=৬০লি. ৪০মিলিলি.

জ) ১৭৯২সেমি.=কত মি. কত সেমি.?

$$=১৭৯২সেমি.\div ১০০$$

$$=১৭\text{মি. } ৯২\text{সেমি.}$$

উঃ:- ১৭৯২সেমি.=১৭মি. ৯২সেমি.

ঝ) ৬১০৭৫ গ্রা.= কত কিলোগ্রা.কত গ্রা.?

$$=৬১০৭৫ \text{ গ্রা.}\div ১০০০$$

$$= ৬১ \text{ কিলোগ্রা. } ৭৫\text{গ্রা.}$$

উঃ:- ৬১০৭৫গ্রা.=৬১ কিলোগ্রা.৭৫গ্রা.

ঞ) ৭৭৮মিলিমি.=কত সেমি.কত মিলিমি.?

$$=৭৭৮\text{মিলিমি.}\div ১০$$

$$= ৭৭ \text{ সেমি. } ৮\text{মিলিমি.}$$

উঃ:-৭৭৮ মিলিমি.=৭৭সেমি. ৮মিলিমি.

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বরের উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।